

সারা দেশ ➤ ➤

৭ দিনের মধ্যে ভিসি নিয়োগের দাবি

বশেফমুবিপ্রবি

মেলান্দহ (জামালপুর) প্রতিনিধি
১০ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদেশময়



মেলান্দহে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেফমুবিপ্রবি) উপাচার্য নিয়োগের দাবি জানিয়েছেন সাধারণ শিক্ষক-শিক্ষার্থীরা। এ জন্য অন্তর্ভুক্তিকালীন সরকারের প্রধান উপদেষ্টা, শিক্ষা উপদেষ্টার সুদৃষ্টি কামনা করে সাত দিনের আলটিমেটাম দিয়েছেন তারা। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সামনে ছাত্র-শিক্ষক এককভাবে উপাচার্য নিয়োগের দাবিতে সংবাদ সম্মেলনে এই দাবি জানানো হয়।